# রাজশাহী জেলার সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীম আহমেদ<br>জেলা ম্যাজিস্ট্রেট<br>রাজশাহী |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী |
| সভার তারিখ | : | ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. |
| সময় | : | সকাল ১১: ০০টা |

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ বর্তমান সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | রাজশাহী জেলা ও মহানগরীতে সংঘটিত অপরাধ চিত্রের পর্যালোচনা | ১.১. জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত তথ্য (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট ২০২৩ মাসে পূর্ববর্তী জুলাই ২০২৩ মাসের চেয়ে ১৪টি অপরাধ বৃদ্ধি পেয়েছে এবং গত বছরের অনুরূপ মাসের চেয়ে ৩০টি অপরাধ হ্রাস পেয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত ১৫৫টি মামলা দায়ের হয়েছে। চোরাচালান সংক্রান্ত মামলা দায়ের হয়নি। রাজশাহী জেলায় আগস্ট ২০২৩ মাসে ০৩টি হত্যাকান্ড সংঘটিত হয়েছে এবং ধর্ষণের ঘটনা ঘটেছে ০৪টি।<br><br>১.২. রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত তথ্য (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট ২০২৩ মাসে পূর্ববর্তী মাস জুলাই এর তুলনায় ৫২টি মামলা বৃদ্ধি পেয়েছে এবং গত বছরের অনুরূপ মাসের চেয়ে ১১৬টি অপরাধ হ্রাস পেয়েছে। চোরাচালান সংক্রান্ত ০১টি মামলা দায়ের হয়েছে। মাদকদ্রব্য সংক্রান্ত মামলা দায়ের হয়েছে ১২৭টি। আলোচ্য মাসে মহানগর এলাকায় ০১টি হত্যাকান্ড সংঘটিত হয়েছে। আগস্ট ২০২৩ মাসে ধর্ষণের ঘটনা ঘটেছে ০৩টি। | ১.১.১. জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা পুলিশের তৎপরতা বৃদ্ধিসহ কার্যকরী ভূমিকা পালন করতে অনুরোধ করা হয়।<br><br>১.১.২.দায়েরকৃত মামলাসমূহের যথাযথ তদন্ত করতে অনুরোধ করা হয়।<br><br>১.২.১. রাজশাহী আরএমপি এর আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আরএমপি, রাজশাহীকে সক্রিয় থাকাসহ গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি করতে অনুরোধ করা হয়।<br><br>১.২.২ হত্যাকাণ্ড, ধর্ষণ ও জঙ্গিবাদে জড়িত দোষীদের অতি দ্রুততার সাথে আইনের আওতায় নিয়ে এসে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণপূর্বক সভাকে অবগত করতে অনুরোধ করা হয়। | ১. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br><br>২. অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী<br><br>৩. পুলিশ সুপার, রাজশাহী<br><br>৪. যুগ্ম পরিচালক, এন.এস.আই, রাজশাহী<br><br>৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br><br>৬. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী |
| ০২. | তদন্তাধীন মামলা ও গ্রেফতারি পরোয়ানা নিষ্পত্তি অগ্রগতির পর্যালোচনা | ২.১. সভাপতির অনুমতিক্রমে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য (পরিশিষ্ট- ঘ ও ঙ) পর্যালোচনায় দেখা যায় যে, আগস্ট ২০২৩ মাসে মোট ৯৩৮টি তদন্তাধীন মামলার মধ্যে ২২৮টি মামলা এবং ২৯৯১টি গ্রেফতারি পরোয়ানার মধ্যে ৫৬৩টি গ্রেফতারি পরোয়ানা নিষ্পত্তি হয়েছে।<br>২.২. জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য (পরিশিষ্ট- ঘ ও ঙ) পর্যালোচনায় দেখা যায়, আগস্ট ২০২৩ মাসে মোট ৭৬৯টি তদন্তাধীন মামলার মধ্যে ২৭২টি মামলা এবং ৩৪৫৮টি গ্রেফতারি পরোয়ানার মধ্যে ৮৯৫টি গ্রেফতারি | ২.১.১. তদন্তাধীন মামলাসমূহের তদন্ত দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে অনুরোধ করা হয়।<br>২.১.২. দীর্ঘদিনের অনিষ্পন্ন গ্রেফতারি পরোয়ানা ও সাজা পরোয়ানার তামিল বৃদ্ধি করতে অনুরোধ করা হয়।<br>২.২.১. সাজা পরোয়ানা ও গ্রেফতারি পরোয়ানার তামিল বৃদ্ধি করতে এবং দীর্ঘদিনের সাজা ও গ্রেফতারি পরোয়ানা দ্রুত নিষ্পত্তির ও তদন্তাধীন মামলাসমূহের তদন্ত দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ | ১.পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br><br>২. পুলিশ সুপার, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরোয়ানা নিস্পত্তি হয়েছে। | করা হয়। | |
| ০৩. | জঘন্য অপরাধসমূহ নিয়ন্ত্রণ সম্পর্কিত আলোচনা | ৩.১. সভায় বর্তমান সময়ের জঘন্য অপরাধসমূহ নিয়ে আলোচনা করা হয়। অতঃপর আরএমপি ও জেলার উপস্থাপিত অপরাধ চিত্র (পরিশিষ্ট-গ) পর্যালোচনা করা হয়। | ৩.১.১. ঘটনার সুষ্ঠু তদন্তপূর্বক দোষীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | ১.পুলিশ কমিশনা[illegible] আরএমপি, রাজশাহী<br>২.পুলিশ সুপার,রাজশাহী<br>৩.চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), রাজশাহী<br>৪.উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |
| ০৪. | মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত আলোচনা | ৪.১. মোবাইল কোর্টের মাধ্যমে অপরাধ প্রবণতা কমানোর জন্য অভিযান পরিচালনা অব্যাহত রাখতে সভায় আলোচনা হয়। রাজশাহী জেলায় ও আরএমপিতে মোবাইল কোর্টের পরিচালিত তথ্য (পরিশিষ্ট-চ) পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মাসে আরএমপিসহ জেলায় মোট ৯২টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ২৩২টি মামলা দায়ের করা হয়েছে, ১১৯ জনকে কারাদন্ড প্রদান করা হয়েছে এবং ৪,৩৪,১০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। | ৪.১.১. যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক প্রয়োগসিদ্ধ ভাবে নির্ধারিত প্রমাণ মতে মোবাইল কোর্ট পরিচালনা এবং ই-মোবাইল কোর্ট সিস্টেমে তা আবশ্যিকভাবে আপলোড করতে অনুরোধ করা হয়।<br>৪.১.২ মোবাইল কোর্টের রিপোর্ট সংশ্লিষ্ট মাসের শেষ তারিখে secjm17@gmail.com-এ প্রেরণ নিশ্চিত করতে সভায় অনুরোধ করা হয় | ১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br>৩. বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), রাজশাহী |
| ০৫. | নারী ও শিশু পাচার/ নির্যাতন সংক্রান্ত পর্যালোচনা | ৫.১. রাজশাহী জেলার ও আরএমপি'র উপস্থাপিত অপরাধ চিত্র (পরিশিষ্ট-গ) পর্যালোচনায় দেখা যায় যে, নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ২৭টি অপরাধ সংঘটিত হয়েছে। গত মাসের নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত অপরাধের তুলনায় ১৪টি অপরাধ বৃদ্ধি পেয়েছে। সভায় নারী ও শিশুদের প্রতারণামূলকভাবে পাচার/নির্যাতন রোধে সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিজিবিকে সতর্ক রাখার বিষয়ে আলোচনা হয়। | ৫.১.১. নারী ও শিশু পাচার/নির্যাতন রোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিজিবিকে সতর্ক দৃষ্টি রাখতে অনুরোধ করা হয়।<br>৫.১.২. সীমান্তবর্তী উপজেলাসমূহে নিয়মিত নারী ও শিশু পাচার/নির্যাতন রোধ সংক্রান্ত জনসচেতনতামূলক উঠান বৈঠক করার জন্য অনুরোধ করা হয়। | ১. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br>২. অধিনায়ক, ১ ব্যাটালিয়ন, বিজিবি, রাজশাহী<br>২. পুলিশ সুপার, রাজশাহী<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট), রাজশাহী |
| ০৬. | গ্রাম আদালতসমূহে দায়েরকৃত মামলা সম্পর্কে আলোচনা | ৬.১. গ্রাম আদালতের কার্যক্রমকে আরও শক্তিশালীকরণে গ্রাম আদালতসমূহে দায়েরকৃত মামলার বিষয়ে নিয়মিত পরিবীক্ষণের নিমিত্ত আগস্ট ২০২৩ মাসের তথ্য উপস্থাপন করা হয়। | ৬.১.১. উপজেলা ও জেলা পর্যায়ে গ্রাম আদালতগুলোকে আরও সক্রিয় ভূমিকা রেখে মামলাগুলো নিস্পত্তির কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয় এবং এ বিষয়টি নিয়মিত পরিবীক্ষণ করতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | ১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), রাজশাহী<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br>৪. বিজ্ঞ পি.পি, রাজশাহী |
| ০৭. | জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ নির্মূল ও নিয়ন্ত্রণের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ | ৭.১.স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২০তম সভায় ৪(ক) নং আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত মোতাবেক জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সর্বস্তরের মানুষকে নিয়ে সামাজিক আন্দোলন অব্যাহত রাখতে হবে। | ৭.১.১. জঙ্গি ও সন্ত্রাসী সংগঠনসমূহ যেন নতুন করে সংগঠিত হতে না পারে সেজন্য কঠোর গোয়েন্দা নজরদারি অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | ১. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br>২. পুলিশ সুপার, রাজশাহী<br>৩. যুগ্ম পরিচালক, এন.এস.আই, রাজশাহী<br>৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br>৫. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী |
| ০৮. | মাদক নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনা | ৮.১. সভাপতির অনুমতিক্রমে পরিশিষ্ট "ছ" সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত তথ্য পর্যালোচনান্তে বিভিন্ন আইন-প্রয়োগকারী সংস্থা , বিশেষ করে বর্ডার গার্ড বাংলাদেশকে সীমান্ত এলাকায় কড়া নজরদারি অব্যাহত রাখার পরামর্শ প্রদান করার বিষয়ে আলোচনা হয়। বর্ডার এলাকায় মাদকের প্রবেশ নির্মূল করার জন্য কৌশল পরিবর্তন করে অভিযান বৃদ্ধিসহ মাদক পাচার, পরিবহণ, | ৮.১.১. মাদক বন্ধে র‍্যাব, পুলিশসহ অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বয়ে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করা হয়।<br>৮.১.২ মাদক রোধে টাস্কফোর্সের অভিযান জোরদার করতে বলা হয়। | ১. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী<br>২. অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী<br>৩. পুলিশ সুপার, রাজশাহী<br>৪. অতি: জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | মজুদকরণ ও বিক্রয় এর সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে অভিযান জোরদার এবং মামলা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ৮.১.৩ শহরের বিভিন্ন স্থানে মাদকবিরোধী অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে সভায় অনুরোধ করা হয়। | ৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), রাজশাহী<br>৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br>৭. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী<br>৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী<br>৯. অধিনায়ক, ১ ব্যাটালিয়ন বিজিবি, রাজশাহী |
| ০৯. | বিবিধ আলোচনা | ৯.১. সভাপতি তথ্যভিত্তিক আলোচনা শেষে বিরাজমান সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে পর্যায়ক্রমে স্ব-স্ব বক্তব্য উপস্থাপন করার জন্য আহবান জানান। সেই সাথে বাংলাদেশে ডেঙ্গুজ্বর এবং রোগীদের বিষয়ে উৎকণ্ঠা প্রকাশ করেন এবং এ রোগের ওষুধ স্যালাইন, জেলা এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর মজুদ বিষয়ে সিভিল সার্জন, রাজশাহীকে সভায় চিত্র তুলে ধরার জন্য আহবান জানান। | | ১. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী |
| | | ৯.২ সিভিল সার্জন, রাজশাহী বলেন, সারাদেশে ডেঙ্গু পরিস্থিতি নাজুক তবে রাজশাহী জেলা এখনও নিয়ন্ত্রণে রয়েছে। সাধারণত অক্টোবর মাস পর্যন্ত ডেঙ্গুর প্রকোপ উর্ধ্বমুখী থাকে বিধায় আমাদের সর্বোচ্চ সতর্ক হওয়া আবশ্যক। অদ্যাবধি রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত রোগীর সংখ্যা ১২৮৮ জন, বর্তমানে ভর্তি রোগী ১৬০ জন। অদ্যাবধি মৃত রোগীর সংখ্যা ০৭জন। ডেঙ্গুর উপসর্গ নিয়ে ভর্তি রোগীর মধ্যে ১৩.১০% রোগী ডেঙ্গু পজেটিভ। রাজশাহী জেলার মধ্যে বাঘা ও চারঘাট উপজেলায় আক্রান্তের হার সর্বোচ্চ। অভিযান পরিচালনায় বাঘা ও চারঘাট উপজেলায় ডেঙ্গু মশার লার্ভা পাওয়া যায়নি। তবে পুঠিয়া উপজেলায় লার্ভা পাওয়া গিয়েছে। কেরোসিন তেল দিয়ে লার্ভা নির্মূল করা হয়েছে। উপজেলা পর্যায়ে স্যালাইন সংকট নেই। চাহিদা বেশি হওয়ায় মূল্য বৃদ্ধি পেয়েছে। সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। ডেঙ্গুর কীট বা স্যালাইন বিক্রয়ের ক্ষেত্রে কোনো সিন্ডিকেট যেন তৈরি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকলে প্রতি আহবান জানানো হয়। | ৯.২.১. সিন্ডিকেট করে ডেঙ্গু রোগের ওষুধ, স্যালাইন, কীট ইত্যাদি এর মূল্য যেন বাড়াতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারি বাড়াতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে সচেষ্ট থাকতে হবে। | ২.পুলিশ সুপার, রাজশাহী<br>৩. চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল), রাজশাহী |
| | | ৯.৩ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী বলেন, ব্যবসা বাণিজ্যের প্রয়োজনে বাঘা উপজেলার লোক বেশি ঢাকায় অবস্থান করেন। বিধায় বাঘা উপজেলায় আক্রান্তের হার তুলনামূলক বেশি। সকলকে কমন পরামর্শ দেয়া হচ্ছে। উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় এ বিষয়ে বিশেষভাবে আলোচনা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার চেষ্টা চলছে। উপজেলা পরিষদ কর্তৃক ফগার মেশিন কেনার প্রক্রিয়া চলমান। ইউনিয়ন পরিষদ চেয়াম্যানগণকে ইউনিয়ন পর্যায়ে সভা করে আইন-শৃঙ্খলা, মাদক, ডেঙ্গু নিধন নিয়ে আলোচনা করার নির্দেশনা দেয়া হয়েছে। | | ৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |
| | | ৯.৪ সভাপতি, জেলা প্রেসক্লাব, রাজশাহী বলেন, ডেঙ্গুজ্বরে আক্রান্ত রোগীকে প্রথমেই হাসপাতালে নিয়ে যাওয়া উচিত। টিসিবির পণ্য বিতরণে | ৯.৪.১. টিসিবি'র পণ্য বিতরণে অধিক সতর্কতা অবলম্বন করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | ৫. মেয়র, পৌরসভা (সকল), রাজশাহী |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিন্ডিকেট তৈরি হয়েছে। পূর্বের মত খোলা বাজারে বিক্রয়ের সিস্টেম চালু করা উচিত। ভারতের মেডিকেল ভিসা নিতে ০২ (দুই) মাস সময় লাগে। বিভাগীয় পাসপোর্ট কার্যালয়, রাজশাহীতে পুলিশ সাধারণ মানুষকে ভোগান্তিতে ফেলছে। এছাড়াও ব্যক্তিগত শত্রুতার জের ধরে প্রতিপক্ষকে ফাঁসানোর জন্য মিথ্যা মামলা দেয়া হচ্ছে আর রাজশাহী মেট্রোপলিটন পুলিশ তদন্ত ছাড়া মামলা গ্রহণ করছে। | ৯.৪.২ পাসপোর্ট অফিসে পুলিশী কার্যক্রম খতিয়ে দেখার জন্য রাজশাহী মেট্রোপলিটন পুলিশকে অনুরোধ করা হয়। | |
| | | ৯.৫ সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, রাজশাহী বলেন, রাজশাহী জেলা থেকে মাছ রপ্তানির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো, পুলিশ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গবেষক সকলের উপস্থিতিতে সমন্বয় সভা করা হয়েছে। কিন্তু মৎস্য ব্যবসায়ীরা পুকুর থেকে মাছ ধরে তা পরিবহণের সময় অনেক চাঁদা আদায় করা হচ্ছে মর্মে কর্তৃপক্ষকে অবহিত করা হয়। | ৯.৫.১ মৎস্য ব্যবসায়ীদের কোথায় কোথায় চাঁদা প্রদান করতে হচ্ছে তার সুনির্দিষ্ট তথ্য প্রেরণ করার জন্য সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, রাজশাহীকে অনুরোধ করা হয়। | ৬. অধিনায়ক, ১ ব্যাটালিয়ন, বিজিবি, রাজশাহী |
| | | ৯.৬ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনপুর বলেন, দ্রব্য মূল্যের উর্ধ্বগতির কারণে মানুষের দুর্বলতাকে পুঁজি করে সেফ হেলথ কেয়ার নামক একটি প্রতিষ্ঠান ব্যবসা করছে। এ ধরনের প্রতিষ্ঠান যাতে সাধারণ মানুষকে হয়রানী করতে না পারে সেজন্য তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেণ। | ৯.৬.১ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তথ্য উৎঘাটন করে সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে অনুরোধ করা হয়। | ৭. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী |
| | | ৯.৭ জনাব মো: সোহরাব হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী, মোহনপুর উপজেলা পরিষদের চেয়াম্যান কর্তৃক উত্থাপিত বিষয় চারঘাট উপজেলাতে দেখা গেছে মর্মে জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গুর কীট নেই। বাঘার মীরগঞ্জে বিজিবি ক্যাম্প অবস্থিত যা চারঘাট ও বাঘার চোরাচালান নিয়ন্ত্রণে নিয়োজিত। কিন্তু চারঘাট চোরাচালানের একটি গুরুত্বপূর্ণ পয়েন্ট হওয়া সত্বেও কোন অভিযান পরিচালনা করা হয়না। চারঘাট উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় বিজিবি'র প্রতিনিধি উপস্থিত রাখার বিষয়ে পুনরায় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। র‍্যাব-৫ চারঘাটে অভিযান চালিয়েছে। কিন্তু মাদকের মূল ব্যবসায়ী মেহেরাব হোসেন বাবুকে আসামি করা হয়নি মর্মে কর্তৃপক্ষকে অবহিত করা হয়। | ৯.৭.১ চারঘাট উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির সভায় বিজিবি প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।<br><br>৯.৭.২ চারঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু কীট সরবরাহ স্বাভাবিক রাখতে সিভিল সার্জন, রাজশাহীকে অনুরোধ করা হয়। | ৮. কর্তৃপক্ষ, রাজশাহী সিটি কর্পোরেশন |
| | | ৯.৮ উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী বলেন, বাগমারা উপজেলার বাসুপাড়া, চণ্ডীপাড়া ইউনিয়নে সেফ হেলথ কেয়ার নামক প্রতিষ্ঠানটি একইভাবে ব্যবসা করছে। লিকুইড পটেন্টি ৯০% অ্যাকোহল যা বাগমারায় ফার্মেসিতে পাওয়া যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহায়তায় মোবাইল কোর্ট অভিযান চালানোর বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ৯.৮.১ উপজেলাওয়ারী অভিযান পরিচালনার সিডিউল প্রস্তুত করে স্থানীয় প্রশাসনকে অবহিত করণপূর্বক ফলপ্রসূ অভিযান পরিচালনা করার জন্য সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, রাজশাহীকে অনুরোধ করা হয়। | |
| | | ৯.৯ সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, রাজশাহী বলেন, ফুড সাপ্লিমেন্টারি নিবন্ধন বিহীন পণ্য হওয়া সত্বেও ফার্মেসিতে রাখা হচ্ছে। কারণ | ৯.৯.১ লাইসেন্স গ্রহণ প্রক্রিয়া সহজ করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | |



CamScanner
CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডাক্তার prescribe করে। মহানগরীর লাইসেন্সবিহীন ফার্মেসির তালিকা করা শেষ হয়েছে। উপজেলা পর্যায়ে এই তালিকা প্রণয়ন শুরু হবে। | | |
| | | ৯.১০ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পুঠিয়া, রাজশাহী জনাব জি.এম. হিরা বাচ্চু বলেন, পাখি শিকার নিষিদ্ধ হওয়া সত্ত্বেও এলাকার বখাটে ছেলেরা Airgun দিয়ে পাখি নিধন করছে। পাখি শিকারকে কেন্দ্র করে এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হচ্ছে মর্মে কর্তৃপক্ষকে অবহিত করেন। Airgun জব্দের বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | ৯.১০.১ পাখি শিকার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | |
| | | ৯.১১ ড. তসিকুল ইসলাম রাজা, অধ্যক্ষ (অবসরপ্রাপ্ত), শাহ্‌মখদুম কলেজ, রাজশাহী বলেন, রাজশাহী পণ গ্রন্থাগারের সামনে ফুটপাতে অবস্থিত হোটেলের পরিবেশ অস্বাস্থ্যকর। হোটেলগুলোতে প্রচুর লোক সমাগম হওয়ায় ও অস্বাস্থ্যকর পদ্ধতিতে খাদ্য পরিবেশন করায় পণ গ্রন্থাগারের পরিবেশ নষ্ট হচ্ছে। জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ৯.১১.১ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহীকে অনুরোধ করা হয়। | |
| | | ৯.১২ রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এর প্রতিনিধি বলেন, সভাপতি, জেলা প্রেসক্লাব, রাজশাহী এর উত্থাপিত বিষয়ে কার্যক্রম চলছে। কিশোর গ্যাং গ্রেপ্তারের কার্যক্রম অব্যাহত রয়েছে। রাজশাহী মহানগরীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে মহানগর পুলিশ সদা তৎপর রয়েছে। | | |
| | | ৯.১৩ জনাব মো: রুবেল আলম, যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী মহানগর বলেন, আসন্ন জাতীয় নির্বাচনে সকলের সহযোগিতা খুব প্রয়োজন। লক্ষীপুর মোড় থেকে ডিবি অফিস, রাস্তার পাশে ফুটপাত হতে দোকান উচ্ছেদপূর্বক সাধারণ মানুষের ব্যবহার উপযোগী করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | | |
| | | ৯.১৪ জনাব মো: ছানোয়ার হোসেন, যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী জেলা বলেন, ডেঙ্গু নিধন প্রক্রিয়া শক্তিশালী হওয়া প্রয়োজন। চারঘাট উপজেলায় ৩৭৩ একর সরকারি জমি রয়েছে। তন্মধ্যে অনেক জমি বেদখল করে সেখানে জোরপূর্বক ধান চাষ করা হচ্ছে। অবৈধ দখলমুক্ত করে সরকারী জমি উদ্ধার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ৯.১৩.১ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | |
| | | ৯.১৫ জনাব মো: সাইফুর রহমান, পিপিএম, পুলিশ সুপার, রাজশাহী বলেন, বাংলাদেশ পুলিশ সর্বদা মানুষের জীবন ও সম্পদ রক্ষায় বদ্ধপরিকর। আগস্ট ২০২৩ মাসে ০৩টি হত্যা মামলা হয় বাঘা, তানোর ও বাগমারা উপজেলায়। ০৩টি মামলার আসামি গ্রেপ্তার হয়েছে। ০৩টি হত্যার রহস্য বিশ্লেষণ করে তিনি এগুলোকে সামাজিক অপরাধ হিসেবে ব্যাখ্যা করেন এবং | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | মানুষ সচেতন হলে এগুলো নিবৃত্ত করা যাবে মর্মে উল্লেখ করেন। সংশ্লিষ্ট সকল সংস্থা তৎপর থাকার কারণে মাদকের মামলা বেড়েছে। | ৯.১৪.১ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহীকে অনুরোধ করা হয়। | | |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে একযোগে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২/০৯/২০২৩
শামীম আহমেদ
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী
ফোন নং: ০৭২১-৭৭২০৫০ (অফিস)
e-mail: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০১৭.০৪.০০১.২৩. ৪৩৬

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
০৬। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
০৭। কর্নেল জিএস, ডিজিএফআই, রাজশাহী
০৮। অধিনায়ক, ১ ব্যাটালিয়ন, বিজিবি, রাজশাহী
০৯। অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী
১০। পুলিশ সুপার, রাজশাহী
১১। যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী
১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১৩। নৌপুলিশ ইউনিট, রাজশাহী
১৪। ------------------------------------------------------------------- (সকল সদস্য)
১৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য)

২৭/০৯/২০২৩
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী



CamScanner

# রাজশাহী জেলার আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট- 'ক')

## (সভা অনুষ্ঠানের তারিখ-১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.)

| ক্রম: | কর্মরত কার্যালয়ের নাম ও ঠিকানা | কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর | প্রযোজ্য ক্ষেত্রে প্রতিনিধির নাম<br>পদবি ও মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১. | জেলা ম্যাজিস্ট্রেট<br>রাজশাহী, (সভাপতি) | জনাব শামীম আহমেদ<br>মোবাইল নং-<br>০১৭১৩-২০০৫৬৯ | - | স্বাক্ষরিত |
| ২. | পুলিশ সুপার, রাজশাহী (সহ-সভাপতি) | জনাব মো: সাইফুর রহমান,<br>পিপিএম | ০১৩২০১২২৫০০ | স্বাক্ষরিত |
| ৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>পবা, রাজশাহী | বীর মুক্তিযোদ্ধা<br>মো: ইয়াসিন আলী | ০১৭১৫৫৭৯০৩১ | স্বাক্ষরিত |
| ৪. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>মোহনপুর, রাজশাহী | এ্যাড:মো: আব্দুস সালাম | ০১৭১১৮১০৮৮৪ | স্বাক্ষরিত |
| ৫. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>বাগমারা, রাজশাহী | জনাব অনিল কুমার সরকার | ০১৭২১-৩৩৬৭৬৫ | স্বাক্ষরিত |
| ৬. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>দুর্গাপুর, রাজশাহী | জনাব মো: নজরুল ইসলাম | ০১৭১১৮২৫৭২৪ | স্বাক্ষরিত |
| ৭. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>পুঠিয়া, রাজশাহী | জি.এম.হিরা বাচ্চু | ০১৭১২৬৪৮৪৩২ | স্বাক্ষরিত |
| ৮. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>বাঘা, রাজশাহী | এ্যাড: মো: লায়েব উদ্দীন<br>লাভলু | ০১৭১২-২৪৭৬৬৭ | স্বাক্ষরিত |
| ৯. | ডেপুটি পুলিশ কমিশনার, রাজশাহী | মো: হাবিবুর রহমান<br>এডিসি (ক্রাইম এন্ড অপস)<br>আরএমপি | ০১৩২০-০৬১০৫৫ | স্বাক্ষরিত |
| ১০. | সিভিল সার্জন, রাজশাহী | ডা: আবু সাইদ মোহাম্মদ ফারুক | ০১৭১৬-১১৪৭৭৪ | স্বাক্ষরিত |
| ১১. | বিজিবি ১ ব্যাটালিয়ন, রাজশাহী | মো: নজরুল ইসলাম | ০১৭৬৪-৬০২১১৪ | স্বাক্ষরিত |
| ১২. | র‍্যাব-৫, রাজশাহী | মেজর হাসান মাহমুদ | ০১৭৭৭-৭১০৫০১ | স্বাক্ষরিত |
| ১৩. | উপজেলা নির্বাহী অফিসার, পবা | লসমী চাকমা | ০১৭৩৩-৩৫২০০১ | স্বাক্ষরিত |
| ১৪. | উপজেলা নির্বাহী অফিসার, বাঘা | শারমিন আখতার | ০১৭০৫-৪৩০৫২১ | স্বাক্ষরিত |
| ১৫. | উপজেলা নির্বাহী অফিসার, তানোর | মো: বিল্লাল হোসেন | ০১৭৭৮-৮৮৯৯৯০ | স্বাক্ষরিত |
| ১৬. | উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট | মো: সোহরাব হোসেন | ০১৭৬১-৭০৮১৫৩ | স্বাক্ষরিত |
| ১৭. | উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া (ভারপ্রাপ্ত) | দেবাশীষ বসাক | ০১৮২৩-১৫৮৮৭৩ | স্বাক্ষরিত |
| ১৮. | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী | আতিকুল ইসলাম | ০১৭৬১-৪৯১২২১ | স্বাক্ষরিত |
| ১৯. | উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর | মো: আব্দুল করিম | | স্বাক্ষরিত |
| ২০. | উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা | এ.এফ.এম আবু সুফিয়ান | ০১৭০৯-৯৮৯৫৩০ | স্বাক্ষরিত |
| ২১. | উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর | আয়শা সিদ্দিকা | ০১৭৬৪-০১৪০০৮ | স্বাক্ষরিত |
| ২২. | মেয়র, কাটাখালী পৌরসভা, রাজশাহী | মো: আনোয়ার সাদাত | ০১৭০৭-৬০০১৬৫ | স্বাক্ষরিত |
| ২৩. | মেয়র, নওহাটা পৌরসভা, রাজশাহী | মো: আজিজুল হক<br>(প্যানেল মেয়র) | ০১৭১২-১৭১৫৪৯ | স্বাক্ষরিত |
| ২৪. | মেয়র, মুন্ডুমালা পৌরসভা, রাজশাহী | মো: আতাউর রহমান<br>(প্যানেলমেয়র) | ০১৭২৮-৭১৭৩৫৯ | স্বাক্ষরিত |
| ২৫. | মেয়র, দুর্গাপুর পৌরসভা, রাজশাহী | মো: সাজেদুর রহমান | ০১৭৩৮-৭১২৪১২ | স্বাক্ষরিত |
| ২৬. | মেয়র, কাকনহাট পৌরসভা, রাজশাহী | এ.কে.এম আতাউর রহমান খান | ০১৭৩১-৪২৬২৮২ | স্বাক্ষরিত |
| ২৭. | মেয়র, কেশরহাট পৌরসভা, রাজশাহী | মো: শহিদুজ্জামান | ০১৭১২-৫৩৭৯৮৮ | স্বাক্ষরিত |
| ২৮. | মেয়র, আড়ানী পৌরসভা, রাজশাহী | মো: মুক্তার আলী | ০১৭১২-৮৫৩৪৯৫ | স্বাক্ষরিত |
| ২৯. | সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডা. | আব্দুল আওয়াল খান চৌধুরী<br>এস.ডি.পি | ০১৫৫৭-৭৭৬৩৩৩ | স্বাক্ষরিত |
| ৩০. | সভাপতি, জেলা প্রেসক্লাব, রাজশাহী | সাইদুর রহমান | ০১৭১১-৩০১৬১৩ | স্বাক্ষরিত |
| ৩১. | অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী | মো: আমিনুল ইসলাম<br>সহ: অধ্যাপক | ০১৭১১-০০০৮৫৮ | স্বাক্ষরিত |
| ৩২. | অধ্যক্ষ, নিউ গভ: ডিগ্রী কলেজ, রাজশাহী | মুনমুন আহম্মদ<br>সহ: অধ্যাপক | ০১৭১০-০৬১৩৭৮ | স্বাক্ষরিত |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩. | অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, রাজশাহী | জান্নাতুল ফেরদৌস<br>সহ: অধ্যাপক, রাষ্ট্র বিজ্ঞান | ০১৭১৮-৭১১৫৩২ | স্বাক্ষরিত |
| ৩৪. | অধ্যক্ষ, টি.টি কলেজ, রাজশাহী | মো: জাকিরুল ইসলাম<br>সহ: অধ্যাপক, পরিসংখ্যান | ০১৭১২-৫০২৮৪৭ | স্বাক্ষরিত |
| ৩৫. | অধ্যক্ষ,শহীদ এএইচএম কামারুজ্জামান,<br>সরকারি ডিগ্রি কলেজ, রাজশাহী | মীর মোজাম্মেল আলী<br>প্রভাষক | ০১৭১১-৩৫৩১৭৬ | স্বাক্ষরিত |
| ৩৬. | জেলা শিক্ষা অফিসার, রাজশাহী | মোহা: নাসির উদ্দীন | ০১৭১৮-১৬৮৯১১ | স্বাক্ষরিত |
| ৩৭. | জেলা এ্যাডজুটেন্ট,<br>আনসারও ভিডিপি, রাজশাহী | মোসা: আসরাফুন্নেসা | ০১৭২২-০২৯৯৪৯ | স্বাক্ষরিত |
| ৩৮. | যুগ্ম পরিচালক<br>এনএসআই, রাজশাহী জেলা | মো: ছানোয়ার হোসেন | ০১৮১৯-৭৫০১০৬ | স্বাক্ষরিত |
| ৩৯. | যুগ্ম পরিচালক<br>এনএসআই (মেট্রো), রাজশাহী | মো: রুবেল আলম | ০১৮১৯-৭৫০১০৫ | স্বাক্ষরিত |
| ৪০. | জেলা মহিলা বিষয়ক অফিসার, রাজশাহী | শবনম শিরিন | ০১৭১৪-২২৯৬৬৬ | স্বাক্ষরিত |
| ৪১. | সিনিয়র তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয় কারাগার, রাজশাহী | মো: একরামুল হক<br>প্রতিনিধি-সি.জেল সুপার | ০১৭৬৯-৯৭০৫১৭ | স্বাক্ষরিত |
| ৪২. | জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজশাহী | বীর মুক্তিযোদ্ধা<br>মো: সাদিকুল ইসলাম মিঞা | ০১৭১১-০৬২৮১৬ | স্বাক্ষরিত |
| ৪৩. | জেলার গণ্যমান্য ব্যক্তি (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | ড. তসিকুল ইসলাম রাজা<br>অধ্যক্ষ (অব.),শাহমখদুম কলেজ<br>রাজশাহী | ০১৭২৬-৬১৮৬২৮ | স্বাক্ষরিত |
| ৪৪. | জেলার গণ্যমান্য ব্যক্তি (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | মো: লিয়াকত আলী<br>সম্পাদক<br>দৈ: সোনালী সংবাদ | ০১৭১৩-৩৬৬২৫২ | স্বাক্ষরিত |
| ৪৫. | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী | এ,কে,এম মুজাহিদুল ইসলাম | ০১৭১২-৮৪৮৩৩৭ | স্বাক্ষরিত |
| ৪৬. | উপ-পরিচালক,<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী | মো: আলমগীর হোসেন | ০১৪০৪-০৭২৪০৩ | স্বাক্ষরিত |
| ৪৭. | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী'র পক্ষে | মো: আব্দুল্লাহ খান | ০১৭৪৫-৭৭৯২৩০ | স্বাক্ষরিত |
| ৪৮. | প্রধান শিক্ষক, হেলেনাবাদ সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, রাজশাহী | নাজমীন সিদ্দিকা<br>(সিনিয়রশিক্ষক) | ০১৭৪৬-৪০৫১৫১ | স্বাক্ষরিত |
| ৪৯. | প্রধান শিক্ষক, পি এন সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, রাজশাহী | মো: মামুনুর রশিদ প্রামানিক | ০১৯১৬-০৯১৪৫৪ | স্বাক্ষরিত |
| ৫০. | সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, রাজশাহী | মাখ্নুক্তন তাবাস্সুম<br>সহকারী পরিচালক | ০১৬৭৬-৪৪৯৩৫৬ | স্বাক্ষরিত |
| ৫১. | রেলওয়ে পুলিশ, রাজশাহী'র পক্ষে | মো: আসাদ-আল-মাসুদ<br>এসআই (নি:) | ০১৭৪৪-৯০১০৬০ | স্বাক্ষরিত |
| ৫২. | নৌ পুলিশ, রাজশাহী | মো: সাদিকুর রহমান<br>এএসপি | ০১৩২০-১৬৫২৫৮ | স্বাক্ষরিত |
| ৫৩. | সভাপতি<br>দিনের আলো হিজরা সংঘ | মোহনা | ০১৭১৬-৭৬০৪৩৫ | |
| ৫৪. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী | জনাব মো: মাসুম আলী<br>সহ: পরিচালক | ০১৩১৮-৩৯৬৯৬১ | স্বাক্ষরিত |
| ৫৫. | জেলা তথ্য অফিস, রাজশাহী | নাফেয়ালা নাসরীন<br>উপ-পরিচালক | ০১৭৩৫-৩৫১৪১২ | স্বাক্ষরিত |
| ৫৬. | পরিবেশঅধিদপ্তর, রাজশাহী | মো: কবির হোসেন<br>সহকারী পরিচালক | ০১৭২৪-৭৮৫৯৪৪ | স্বাক্ষরিত |
| ৫৭. | বিভাগীয় বন কর্মকর্তা, রাজশাহী | মো: রফিকুজ্জামান শাহ | ০১৯৯৯-০০৭৭০০ | স্বাক্ষরিত |
| ৫৮. | বাসমালিকসমিতি, রাজশাহী | মো: নুরুজ্জামান | ০১৭১৫-৮৪৪৫৮২ | স্বাক্ষরিত |
| ৫৯. | সহ সম্পাদক, রাজশাহী সড়ক পরিবহণ গ্রুপ, রাজশাহী | মো: মেহেদী মাসুদ | ০১৭১৬-৭২৭৫৯৫ | স্বাক্ষরিত |
| ৬০. | বিএসটিআই, রাজশাহী | মো: জুলফিকার আলী<br>সহকারী পরিচালক | ০১৭১৬-৬৩৭৬১১ | স্বাক্ষরিত |



CS CamScanner
CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৬১. | নির্বাহী প্রকৌশলী, বিবিবি-২, নেসকো, রাজশাহী | মো: রেজানুজ্জামান | ০১৭৪৪-৪৮২০০৮ | উপস্থিত |
| ৬২. | সহকারী কমিশনার, কাস্টমস্‌, এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী এর প্রতিনিধি | জনি চক্রবর্তী রাজস্ব কর্মকর্তা | ০১৭১১-৪৮৫০৬১ | উপস্থিত |

**<u>রাজশাহী জেলার আইন-শৃঙ্খলা কমিটির সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট- 'খ')</u>**

**(সভা অনুষ্ঠানের তারিখ-১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.)**

| ক্র: নং | সদস্য | অনুপস্থিত | দপ্তর |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ৩. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চারঘাট, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ৪. | সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, রাজশাহী | অনুপস্থিত | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৫. | সহকারী পুলিশ সুপার, পুঠিয়া সার্কেল, রাজশাহী | অনুপস্থিত | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৬. | সহকারী পুলিশ সুপার, গোদাগাড়ী সার্কেল, রাজশাহী | অনুপস্থিত | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৭. | সহকারী পুলিশ সুপার, চারঘাট সার্কেল, রাজশাহী | অনুপস্থিত | স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ৮. | মেয়র, তানোর পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ৯. | মেয়র, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ১০. | মেয়র, তাহেরপুর পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ১১. | মেয়র, পুঠিয়া পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ১২. | মেয়র, বাঘা পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ১৩. | মেয়র, গোদাগাড়ী পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ১৪. | মেয়র, চারঘাট পৌরসভা, রাজশাহী | অনুপস্থিত | স্থানীয় সরকার মন্ত্রণালয় |
| ১৫. | সভাপতি, জেলা বার অ্যাসোসিয়েশন, রাজশাহী | অনুপস্থিত | আইন মন্ত্রণালয় |
| ১৬. | জেলা পাবলিক প্রসিকিউটর, রাজশাহী (জেলা) | অনুপস্থিত | আইন মন্ত্রণালয় |
| ১৭. | অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল,রাজশাহী | অনুপস্থিত | স্বাস্থ্য মন্ত্রণালয় |
| ১৮. | অধ্যক্ষ, সরকারি সিটি কলেজ, রাজশাহী | অনুপস্থিত | শিক্ষা মন্ত্রণালয় |
| ১৯. | অধ্যক্ষ, নওহাটা ডিগ্রী কলেজ, রাজশাহী | অনুপস্থিত | শিক্ষা মন্ত্রণালয় |
| ২০. | উপ-পরিচালক, সমাজ সেবা অফিস, রাজশাহী | অনুপস্থিত | সমাজকল্যাণমন্ত্রণালয় |
| ২১. | প্রবেশন অফিসার, কালেক্টরেট ভবন | অনুপস্থিত | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ২২. | সভাপতি, হিন্দু বৌদ্ধ খ্রীষ্টান ঐক্য পরিষদ, রাজশাহী | অনুপস্থিত | ধর্মমন্ত্রণালয় |
| ২৩. | সহকারী পরিচালক,(ইঞ্জি:) বিআরটিএ, রাজশাহী | অনুপস্থিত | সড়কপরিবহন মন্ত্রণালয় |
| ২৪. | বি.আই.ডব্লিউ.টি.এ, রাজশাহী | অনুপস্থিত | নৌ মন্ত্রণালয় |
| ২৫. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | অনুপস্থিত | শিক্ষা মন্ত্রণালয় |
| ২৬. | বাংলাদেশ রেলওয়ে (পশ্চিম), রাজশাহী | অনুপস্থিত | রেল মন্ত্রণালয় |



CamScanner
CamScanner

### রাজশাহী জেলা ও মহানগরের অপরাধ চিত্র : (পরিশিষ্ট "গ") আগস্ট-২০২৩

| ক্রম: | অপরাধ | রাজশাহী জেলা | | | আরএমপি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | আগস্ট ২০২৩ | জুলাই ২০২৩ | আগস্ট ২০২২ | আগস্ট ২০২৩ | জুলাই ২০২৩ | আগস্ট ২০২২ |
| ১ | ডাকাতি | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ |
| ২ | রাহাজানি | ০১ | ০০ | ০০ | ০১ | ০৩ | ০৪ |
| ৩ | চুরি | ০৬ | ০৮ | ০৬ | ১৪ | ১৪ | ০৯ |
| ৪ | হত্যা | ০৩ | ০২ | ০২ | ০১ | ০৩ | ০১ |
| ৫ | চোরাচালান | ০০ | ০২ | ০১ | ০১ | ০০ | ০১ |
| ৬ | দ্রুত বিচার | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ৭ | ধর্ষণ | ০৪ | ০৬ | ১৮ | ০৩ | ০২ | ০৬ |
| ৮ | নারী ও শিশু নির্যাতন | ১১ | ০৭ | ১৮ | ১৬ | ০৬ | ২১ |
| ০৯ | অস্ত্র আইন | ০৫ | ০০ | ০১ | ০১ | ০০ | ০২ |
| ১০ | সিঁধেল চুরি | ০০ | ০০ | ০০ | ০৬ | ০৩ | ০৭ |
| ১১ | মাদকদ্রব্য | ১৫৫ | ১২১ | ১৮১ | ১২৭ | ১০২ | ২৪৮ |
| ১২ | অন্যান্য | ২৮ | ৬০ | ৭০ | ৫৭ | ৪৬ | ৪৭ |
| | মোট= | ২৫৭ | ২৪৩ | ২৮৭ | ২৩১ | ১৭৯ | ৩৪৭ |

### সংস্থাওয়ারী তদন্তাধীন মামলার বিবরণী (পরিশিষ্ট "ঘ") আগস্ট-২০২৩

| সংস্থার নাম | গত মাস হতে আগত | আলোচ্য মাসে প্রাপ্ত | মোট | নিষ্পত্তি | পেন্ডিং মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| আরএমপি | ৭০৭ | ২৩১ | ৯৩৮ | ২২৮ | ৭১০ | - |
| জেলা পুলিশ | ৫১২ | ২৫৭ | ৭৬৯ | ২৭২ | ৪৯৭ | - |

### সংস্থাওয়ারী গ্রেফতারি পরোয়ানা নিষ্পত্তির বিবরণী (পরিশিষ্ট "ঙ") আগস্ট-২০২৩

| সংস্থার নাম | গত মাস হতে আগত | আলোচ্য মাসে প্রাপ্ত | মোট | নিষ্পত্তি | মূলতবী পরোয়ানার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| আরএমপি | ২৪৭৫ | ৫১৬ | ২৯৯১ | ৫৬৩ | ২৪২৮ | - |
| জেলা পুলিশ | ২৫৭৮ | ৮৮০ | ৩৪৫৮ | ৮৯৫ | ২৫৬৩ | - |

### আগস্ট-২০২৩ মাসের মোবাইল কোর্ট পরিচালনার তথ্য (পরিশিষ্ট "চ")

| অভিযানের সংখ্যা | মামলার সংখ্যা | দন্ড | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | জরিমানা | কারাদন্ড | জরিমানা অনাদায়ে কারাদন্ড | |
| ৯২ | ২৩২ | ৪,৩৪,১০০/- | ১১৯ | - | - |

### আগস্ট-২০২৩ মাসে মাদকদ্রব্য উদ্ধার সম্পর্কিত তথ্য (পরিশিষ্ট-"ছ")

| রেইডকারী কর্তৃপক্ষ | রেইড এর সংখ্যা | মাদকের মামলার সংখ্যা | আটককৃত ব্যক্তির সংখ্যা | আটক পণ্যের বিবরণ |
|---|---|---|---|---|
| মাদকদ্রব্য নি: অধিদপ্তর | ২২৮ | ১৩২ | ১৩১ | হেরোইন-৩১৫ গ্রাম, ফেন্সিডিল-২০ বোতল, ইয়াবা-৮৩৫ পিচ, গাঁজা-৪৫.২০৫ কেজি, চোলাইমদ-১৫.১০০ লিটার, ওয়াশ-৩০০ লি:, ট্যাপেন্টাডল ট্যাব: ৯০ পিচ, মিনি ট্রাক-০১টি, মোবাইল সেট-০৩টি। |

### আগস্ট-২০২৩ মাসে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক উদ্ধার সম্পর্কিত তথ্য (পরিশিষ্ট-"জ")

| রেইডকারী কর্তৃপক্ষ | রেইড এর সংখ্যা | অভিযুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা | আদায়কৃত জরিমানার পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী | ২২ | ৩৫ | ২,৮০,০০০/- |